

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ ভাদ্র ১৪৩১/ ০১ সেপ্টেম্বর ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.২৬৯—গত ২১-২৫ আগস্ট ২০২৪ তারিখে পাকিস্তানের রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে স্বাগতিক দেশ পাকিস্তানের সঙ্গে টেস্টে দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্টে বাংলাদেশ ১০ উইকেটের বড় ব্যবধানে জয় লাভ করে। পাকিস্তানের বিপক্ষে এটিই বাংলাদেশের প্রথম টেস্ট জয়। এই টেস্টে পাকিস্তানের প্রথম ইনিংসে ৪৪৮ রানের বিপরীতে বাংলাদেশ দলের খেলোয়াড়রা দৃঢ়তার সঙ্গে ব্যাটিং করে ৫৬৫ রান করে লিড নিতে সক্ষম হয়। দ্বিতীয় ইনিংসে বাংলাদেশ দল দুর্দান্ত বোলিংয়ের মাধ্যমে পাকিস্তানকে ১৪৬ রানের মধ্যে অল আউট করতে সক্ষম হয়। পাকিস্তান ক্রিকেট দল দ্বিতীয় ইনিংসে মাত্র ৩০ রানের টার্গেট নির্ধারণ করায় বাংলাদেশ দল ১০ উইকেট হাতে রেখেই জয়লাভ করতে সক্ষম হয়।

০২। পাকিস্তান ক্রিকেট দলের বিপক্ষে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ বিজয় বিশ্ব-ক্রিকেটে বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করেছে। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ভবিষ্যতেও ভাল ফলাফল অর্জন করে বাংলাদেশের গৌরব বৃদ্ধিতে সম্মিলিতভাবে অবদান রাখবে মর্মে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে উপদেষ্টা পরিষদের ১৪ ভাদ্র ১৪৩১/ ২৯ আগস্ট ২০২৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৩। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

( ২৪৪৯৯ )  
মূল্য : টাকা ৪.০০

**উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব**

১৪ ভাদ্র ১৪৩১  
ঢাকা : ২৯ আগস্ট ২০২৪

গত ২১-২৫ আগস্ট ২০২৪ তারিখে পাকিস্তানের রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে স্বাগতিক দেশ পাকিস্তানের সঙ্গে টেস্টে দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্টে বাংলাদেশ ১০ উইকেটের বড় ব্যবধানে জয় লাভ করে। পাকিস্তানের বিপক্ষে এটিই বাংলাদেশের প্রথম টেস্ট জয়। এই টেস্টে পাকিস্তানের প্রথম ইনিংসে ৪৪৮ রানের বিপরীতে বাংলাদেশ দলের খেলোয়াড়রা দৃঢ়তার সঙ্গে ব্যাটিং করে ৫৬৫ রান করে লিড নিতে সক্ষম হয়। দ্বিতীয় ইনিংসে বাংলাদেশ দল দুর্দান্ত বোলিংয়ের মাধ্যমে পাকিস্তানকে ১৪৬ রানের মধ্যে অল আউট করতে সক্ষম হয়। পাকিস্তান ক্রিকেট দল দ্বিতীয় ইনিংসে মাত্র ৩০ রানের টার্গেট নির্ধারণ করায় বাংলাদেশ দল ১০ উইকেট হাতে রেখেই জয়লাভ করতে সক্ষম হয়।

পাকিস্তান ক্রিকেট দলের বিপক্ষে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ বিজয় বিশ্ব-ক্রিকেটে বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করেছে। উপদেষ্টা পরিষদ বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ভবিষ্যতেও ভাল ফলাফল অর্জন করে বাংলাদেশের গৌরব বৃদ্ধিতে সম্মিলিতভাবে অবদান রাখবে মর্মে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছে।